**অতিব জরুরী**
**বিশেষ বাহক মারফত**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ধর্ম বিষয়ক মন্ত্রণালয়
প্রশাসন শাখা
www.mora.gov.bd

স্মারক নং - ১৬.০০.০০০০.০০১.২৩.০০২.১৫/৫৪৪ তারিখ: ০৯/১২/২০১৫ খ্রি.

বিষয় : **১৪৩৭ হিজরী সালের আসন্ন পবিত্র ঈদ-ই-মিলাদুন্নবী (সাঃ)/২০১৫ উদযাপন উপলক্ষে ০২.১২.২০১৫ তারিখ ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রীর সভাপতিত্বে অনুষ্ঠিত আন্ত:মন্ত্রণালয় সভার কার্যবিবরণী প্রেরণ।**

১৪৩৭ হিজরী সালের আসন্ন পবিত্র ঈদ-ই-মিলাদুন্নবী (সাঃ)/২০১৫ সুষ্ঠু ও সুন্দরভাবে উদযাপনের জন্য সরকারি কর্মসূচি নির্ধারণকল্পে বিগত ০২.১২.২০১৫ খ্রি. তারিখ বেলা ১১:০০ টায় ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রীর সভাপতিত্বে অনুষ্ঠিত আন্ত:মন্ত্রণালয় সভার কার্যবিবরণী এসাথ প্রেরণ করা হ'ল। কার্যবিবরণীর আলোকে গৃহীত কর্মসূচি যথাযথভাবে বাস্তবায়নের পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হ'ল।

সংযুক্তি: কার্যবিবরণী ৪ (চার) পৃষ্ঠা।

০৯/১২/১৫
(মো: আহসান হাবীব)
সহকারী সচিব
ফোন:৯৫৪৫৩০৭
ফ্যাক্স: ৯৫১২২৮৬
e-mail: moragovbd@gmail.com

বিতরণ :

কার্যার্থে (জ্যেষ্ঠ্যতারভিত্তিতে নয়):

১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. মূখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
৩. সিনিয়র সচিব, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা ।
৪. সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা ।
৫. সিনিয়র সচিব, প্রতিরক্ষা মন্ত্রণালয়, শেরেবাংলানগর, ঢাকা ।
৬. সিনিয়র সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা ।
৭. পি.এস.ও, সশস্ত্র বাহিনী বিভাগ, ঢাকা সেনানিবাস, ঢাকা।
৮. মহা-পুলিশ পরিদর্শক, বাংলাদেশ পুলিশ, পুলিশ হেড কোয়ার্টার্স, ঢাকা।
৯. সচিব, রাষ্ট্রপতির কার্যালয়, বঙ্গভবন, ঢাকা ।
১০. সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা ।
১১. সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১২. সচিব, পররাষ্ট্র মন্ত্রণালয়, সেগুনবাগিচা, ঢাকা ।
১৩. সচিব, বিদ্যুৎ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৪. সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা ।
১৫. সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা ।
১৬. সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা ।
১৭. সচিব, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা ।
১৮. সচিব, তথ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা ।
১৯. সচিব, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা ।
২০. সচিব, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা ।
২১. সচিব, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা ।
২২. সচিব, সমাজ কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা ।
২৩. মহামান্য রাষ্ট্রপতির সামরিক সচিব, রাষ্ট্রপতির কার্যালয়, বঙ্গভবন, ঢাকা।
২৪. পুলিশ কমিশনার, ঢাকা মেট্রোপলিটন পুলিশ, ঢাকা।
২৫. বিভাগীয় কমিশনার (ঢাকা, রংপুর, বরিশাল, কুমিল্লা, সিলেট, চট্টগ্রাম, রাজশাহী, ময়মনসিংহ, খুলনা) ।

২৬. অতিরিক্ত সচিব (প্রশাসন) জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২৭. ওয়াকফ প্রশাসক, বাংলাদেশ ওয়াকফ প্রশাসকের কার্যালয়, মগবাজার ঢাকা।
২৮. মহাপরিচালক, ইসলামিক ফাউন্ডেশন, আগারগাঁও, ঢাকা।
২৯. মহা-পরিচালক, সমাজ সেবা অধিদপ্তর, ঢাকা।
৩০. মহা-পরিচালক, বাংলাদেশ টেলিভিশন, রামপুরা, ঢাকা।
৩১. মহা-পরিচালক, বাংলাদেশ বেতার, শাহবাগ, ঢাকা।
৩২. মহা-পরিচালক, বাংলাদেশ ফায়ার সার্ভিস সিভিল ডিফেন্স অধিদপ্তর, ঢাকা।
৩৩. মহা-পরিচালক, গণযোগাযোগ অধিদপ্তর, ঢাকা।
৩৪. ব্যবস্থাপনা পরিচালক, ঢাকা ওয়াসা।
৩৫. ব্যবস্থাপনা পরিচালক, ডিপিডিসি এল, বিদ্যুৎ ভবন আব্দুল গণি রোড, ঢাকা।
৩৬. ব্যবস্থাপনা পরিচালক, বিটিসিএল, রমনা, ঢাকা।
৩৭. প্রধান প্রকৌশলী, গণপূর্ত অধিদপ্তর, ঢাকা।
৩৮. প্রধান প্রকৌশলী, সড়ক ও জনপথ অধিদপ্তর, তেজগাঁও, ঢাকা।
৩৯. প্রধান তথ্য কর্মকর্তা, তথ্য অধিদপ্তর, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪০. প্রধান নির্বাহী কর্মকর্তা, ঢাকা দক্ষিণ সিটি করপোরেশন , ঢাকা।
৪১. প্রধান নির্বাহী কর্মকর্তা, ঢাকা উত্তর সিটি করপোরেশন , ঢাকা।
৪২. জেলা প্রশাসক ..................................................।
৪৩. উপ-সচিব (হজ ও উন্নয়ন/অনুদান, অডিট, বাজেট ও হিসাব/প্রশাসন ও দেবোত্তর), ধর্ম বিষয়ক মন্ত্রণালয়।
৪৪. পরিচালক, বাংলাদেশ শিশু একাডেমী, ঢাকা।
৪৫. পরিচালক (দ্বীনি দাওয়াত ও সংস্কৃতি বিভাগ), ইসলামিক ফাউন্ডেশন, বায়তুল মোকাররম, ঢাকা।
৪৬. উপ-বিভাগীয় প্রকৌশলী (ফোন্স/ইএম/সিভিল), বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪৭. পেশ ইমাম, বাংলাদেশ সচিবালয় মসজিদ, ঢাকা।
৪৮. পেশ ইমাম, হাইকোর্ট মাজার মসজিদ, ঢাকা।

নং - ১৬.০০.০০০০.০০১.২৩.০০২.১৫- তারিখঃ ০৯.১২.২০১৫ খ্রি.

সদয় জ্ঞাতার্থে/কার্যাথে:

১. মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়।
২. সিনিয়র তথ্য কর্মকর্তা, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়। [এই কার্যবিবরণীটি সংশ্লিষ্ট ইলেকট্রনিক ও প্রিন্ট মিডিয়াকে অবগতির অনুরোধসহ]
৩. সচিব মহোদয়ের একান্ত সচিব, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়।
৪. প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তার কার্যালয়, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, সিজিএ ভবন, ঢাকা।
৫. সহকারী প্রোগ্রামার, ধর্ম বিষয়ক মন্ত্রণালয় (এই কার্যবিবরণীটি অত্র মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
৬. হিসাব রক্ষণ কর্মকর্তা, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৭. অতিরিক্ত সচিব (প্রশাসন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়।
৮. যুগ্ম-সচিব (হজ ও অনুদান/সংস্থা/উন্নয়ন/সংযুক্ত) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়।
৯. অফিস কপি।

(মো: আহসান হাবীব)
সহকারী সচিব।

৭২

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ধর্ম বিষয়ক মন্ত্রণালয়
প্রশাসন শাখা
www.mora.gov.bd

বিষয়ঃ **১৪৩৭ হিজরী সালের পবিত্র ঈদ-ই-মিলাদুন্নবী (সাঃ)/২০১৫ উদযাপনের জন্য জাতীয় কর্মসূচী গ্রহণের লক্ষ্যে ০২.১২.২০১৫ খ্রি. তারিখ বেলা ১১:০০ টায় অনুষ্ঠিত আন্তঃমন্ত্রণালয় সভার কার্যবিবরণী।**

১২ রবিউল আউয়াল ১৪৩৭ হিজরী (২৪.১২.২০১৫ খ্রি. ১০ পৌষ ১৪২২ বঙ্গাব্দ) এ পবিত্র- ঈদ-ই- মিলাদুন্নবী (সাঃ) উদযাপন উপলক্ষে জাতীয় পর্যায়ে কর্মসূচী প্রণয়ন এবং সুষ্ঠুভাবে বাস্তবায়নের লক্ষ্যে ০২.১২.২০১৫ খ্রি. তারিখ বেলা ১১.০০ টায় ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ের সভাকক্ষে আন্তঃমন্ত্রণালয় সভা অনুষ্ঠিত হয়। এতে সভাপতিত্ব করেন **অধ্যক্ষ মতিউর রহমান, মাননীয় মন্ত্রী,** ধর্ম বিষয়ক মন্ত্রণালয়। সভায় উপস্থিত কর্মকর্তাগণের নামের তালিকা **পরিশিষ্ট 'ক'**-তে সংযুক্ত করা হলো।

২। সভার শুরুতে সভাপতি মহোদয় বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগ ও সংস্থাসমূহ হতে আগত প্রতিনিধিদের স্বাগত জানান। তিনি পবিত্র ঈদ-ই মিলাদুন্নবী (সাঃ) যথাযথ মর্যাদায় ইসলামী ভাব-গাম্ভীর্যের সাথে বিগত বছরের ন্যায় উদযাপনের উপর গুরত্বারোপ করেন। পবিত্র ঈদ-ই-মিলাদুন্নবী (সা:) জাতীয় কর্মসূচি বাস্তবায়নের জন্য তিনি সংশ্লিষ্ট সকলের সহযোগিত কামনা করেন। সভায় বিস্তারিত আলোচনা শেষে নিম্নবর্ণিত কর্মসূচিসমূহ বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহিত হয়ঃ

| নং | কর্মসূচী | আলোচনা | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|
| ১. | মহামান্য রাষ্ট্রপতি ও মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক বাণী প্রদান। | পবিত্র ঈদ-ই-মিলাদুন্নবী উদযাপন উপলক্ষে প্রতি বছর মহামান্য রাষ্ট্রপতি এবং মাননীয় প্রধানমন্ত্রী জাতির উদ্দেশ্যে বাণী প্রদান করে থাকেন। বিগত বছরের ন্যায় বর্তমান বছরেও পবিত্র ঈদ-ই-মিলাদুন্নবী উপলক্ষে অনুরূপ ব্যবস্থা নেয়া হবে। | রাষ্ট্রপতির কার্যালয় (জন বিভাগ) এবং প্রধানমন্ত্রীর কার্যালয়। |
| ২. | সরকারী, আধা-সরকারী ভবন, স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠান, বেসরকারী ভবন ও সশস্ত্র বাহিনীর সকল স্থাপনাসমূহে জাতীয় পতাকা উত্তোলন। | এ দিন সকল সরকারী, আধা সরকারী স্বায়ত্বশাসিত ভবন, বেসরকারী ভবন ও সশস্ত্র বাহিনীর সকল সদর দপ্তর/ ইউনিট/ঘাঁটি/ জাহাজসমূহে জাতীয় পতাকা উত্তোলন করা হবে। | সচিবালয়ের অভ্যন্তরে গণপূর্ত বিভাগ এবং সচিবালয়ের বাইরে স্ব-স্ব মন্ত্রণালয়/ বিভাগ/সংস্থা/ দপ্তর/জেলা প্রশাসন/সিটি করপোরেশন/পৌরসভা/ সশস্ত্র বাহিনী বিভাগ ও স্ব-স্ব উদ্যোগে বেসরকারী ভবনের মালিকগণ। |
| ৩. | (ক) জাতীয় পতাকা ও ''কালেমা তায়্যিবা'' লিখিত ব্যানার ঢাকা মহানগরীর গুরুত্বপূর্ণ ট্রাফিক আইল্যান্ড ও লাইট পোষ্টে প্রদর্শন।<br><br>(খ) আলোক সজ্জাঃ পবিত্র ঈদ-ই-মিলাদুন্নবী (সাঃ) দিবাগত রাত্রিতে সরকারি ভবনসমূহে ও সামরিক গুরুত্বপূর্ণ স্থাপনাসমূহে আলোকসজ্জাকরণ। | (ক) প্রতি বছরের ন্যায় এবারও ঢাকা মহানগরীর গুরুত্বপুর্ণ ট্রাফিক আইল্যান্ড, গুরুত্বপূর্ণ স্থান ও রাস্তাসমূহে জাতীয় পতাকা, রংজ্ঞিন পতাকা ও কলেমা তায়্যিবা লিখিত ব্যানার প্রদর্শন ও টাংগানোর ব্যবস্থা নেয়া হবে।<br><br>বনানীর ঢাকা গেট হতে কেন্দ্রীয় পাবলিক লাইব্রেরী, ছাত্র/শিক্ষক কেন্দ্র, কার্জন হল, আবদুল গণি রোড, বঙ্গবন্ধু এভিনিউ, ডি, আই টি এভিনিউ, নর্থ- সাউথ রোড এবং বঙ্গভবন হয়ে ইঞ্জিনিয়ার্স ইনস্টিটিউট, ঢাকা ক্লাব, তোপখানা রোড, দৈনিক বাংলা অফিস হয়ে বঙ্গভবন পর্যন্ত জাতীয় মসজিদ বায়তুল মোকাররমের চারি পার্শ্বের রাস্তাসমূহ ও প্রধানমন্ত্রীর কার্যালয়ের সম্মুখের রাস্তায় লিখিত ব্যানার প্রদর্শন ও টাংগানোর ব্যবস্থা নিতে হবে।<br><br>(খ) ঈদ-ই-মিলাদুন্নবীর দিন দিবাগত রাত্রিতে নির্দিষ্ট সরকারী ভবনসমূহে (বঙ্গভবন, প্রধানমন্ত্রীর কার্যালয়, বাংলাদেশ সচিবালয়ের মন্ত্রিপরিষদ বিভাগের শুধুমাত্র দক্ষিণাংশ,বায়তুল মোকাররম মসজিদ) অন্যান্য বছরের ন্যায় আলোকসজ্জার ব্যবস্থা করা হবে। এ কাজের খরচ বাবদ গণপূর্ত অধিদপ্তর-কে ২,০০,০০০/- (দুই লক্ষ) টাকা বরাদ্দ প্রদান করা হবে। | (ক) গণপূর্ত অধিদপ্তর, ঢাকা।<br><br>(খ) ধর্ম বিষয়ক মন্ত্রণালয়/গণপূর্ত অধিদপ্তর/সশস্ত্র বাহিনী বিভাগ। |

| নং | কর্মসূচী | আলোচনা | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|
| ৪. | ইসলামিক ফাউন্ডেশন কর্তৃক পক্ষকালব্যাপী হযরত মোহাম্মদ (সাঃ) এর জীবনীর উপর আলোচনা সভা ।<br><br>ইসলামিক ফাউন্ডেশন এবং ইসলামিক মিশনসমূহে পবিত্র ঈদ-ই-মিলাদুন্নবী (সাঃ) মাহফিলসহ বিশেষ কর্মসূচী গ্রহণ। | ইসলামিক ফাউন্ডেশন বাংলাদেশ কর্তৃক পক্ষকাল ব্যাপী হযরত মোহাম্মদ (সঃ) এর জীবনীর উপর আলোচনা সভা ও বই মেলার আয়োজন করা হবে। ঢাকা মহানগরীর ৫০টি বিদ্যালয়ে ইসলামী মূল্যবোধের উপর আলোচনা সভার আয়োজন করা হবে। তাছাড়া প্রতিটি জেলার ২টি খ্যাতনামা বিদ্যালয়ে জেলা প্রশাসকের সভাপতিত্বে ইসলামী মূল্যবোধের উপর আলোচনা সভার আয়োজন করা হবে।<br><br>ইসলামিক ফাউন্ডেশন এবং ইসলামিক মিশনসমুহে পবিত্র ঈদ-ই-মিলাদুন্নবী (সাঃ) মাহফিলসহ বিশেষ কর্মসূচী গ্রহণ করতে হবে। | মহাপরিচালক, ইসলামিক ফাউন্ডেশন।<br><br>জেলা প্রশাসক (সকল) উপ-পরিচালক (সকল জেলা), ইসলামিক ফাউন্ডেশন।<br><br>মহাপরিচালক, ইসলামিক ফাউন্ডেশন। |
| ৫. | পবিত্র ঈদ-ই-মিলাদুন্নবী (সাঃ) উপলক্ষে বাংলাদেশ সচিবালয় মসজিদে দোয়া ও মিলাদ মাহফিলের জন্য তারিখ নির্ধারণ এবং এর আয়োজন। | পবিত্র ঈদ-ই-মিলাদুন্নবী (সাঃ)-র দিন সাপ্তাহিক ছুটির দিন। এজন্য জনপ্রশাসন মন্ত্রণালয় বাংলাদেশ সচিবালয় মসজিদে মিলাদ ও ওয়াজ মাহফিল আয়োজনের নিমিত্ত সভার তারিখ নির্ধারন করবে। এ উপলক্ষে নিম্নবর্ণিত কর্মকর্তাগণের সমন্বয়ে প্রস্তুতি কমিটি গঠন করা হলোঃ<br>প্রস্তুতি কমিটি নিম্নরূপঃ<br>১। অতিরিক্ত-সচিব (প্রঃ), জনপ্রশাসন মন্ত্রণালয় - আহ্বায়ক<br>২। অতিরিক্ত সচিব (প্রঃ), ধর্ম বিষয়ক মন্ত্রণালয় - সদস্য<br>৩। মহাপরিচালক, কর্মচারী কল্যাণ বোর্ড - সদস্য<br>৪। ওয়াকফ প্রশাসক, ঢাকা এর প্রতিনিধি - সদস্য<br>৫। যুগ্ম-সচিব (নিরাপত্তা) স্বরাষ্ট্র মন্ত্রণালয় - সদস্য<br>৬। উপ-সচিব, তথ্য মন্ত্রণালয় - সদস্য<br>৭। পরিচালক, দ্বীনি দাওয়াত ও সংস্কৃতি বিভাগ ইসলামিক ফাউন্ডেশন - সদস্য<br>৮। তত্ত্বাবধায়ক প্রকৌশলী,গণপূর্ত অধিদপ্তর - সদস্য<br>৯। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, ঢাকা ওয়াসা - সদস্য<br>১০। পেশ ইমাম, সচিবালয়, মসজিদ - সদস্য<br>১১। বাংলাদেশ টেলিভিশন এর একজন প্রতিনিধি - সদস্য<br>১২। উপ-সচিব (প্রঃ),ধর্ম বিষয়ক মন্ত্রণালয় - সদস্য- সচিব<br><br>সচিবালয় মসজিদের মিলাদ মাহফিল অনুষ্ঠানে মসজিদ সংলগ্ন এলাকায় প্যান্ডেল করা হবে। সচিবালয় মসজিদে মিলাদ মাহফিলের যাবতীয় ব্যয়ভার ধর্ম বিষয়ক মন্ত্রণালয় থেকে বহন করা হবে। বর্ণিত প্রস্তুতি কমিটি সচিবালয় মসজিদে মিলাদ মাহফিল অনুষ্ঠানের সার্বিক ব্যবস্থাপনাসহ নিম্নোক্ত দায়িত্ব পালন করবেঃ<br>১. চার জন মহিলা সদস্যকে কমিটিতে কো-অপ্ট করা<br>২. ব্যানার টাংগানো।<br>৩. পর্যাপ্ত ওজুর পানি সরবরাহ।<br>৪. মাইকের ব্যবস্থাকরণ।<br>৫. নিরাপত্তা।<br>৬. পৃথকভাবে মহিলাদের বসার ব্যবস্থা করা।<br>৭. সম্ভাব্য উপস্থিতি অনুসারে সুষ্ঠুভাবে তবারক বিতরণ।<br>৮. মাহফিল পরিচালনা<br>৯. বিবিধ<br>বিঃদ্রঃ মহিলাদের জন্য পৃথক কোন কমিটি থাকবে না। খতিব বায়তুল মোকাররম জাতীয় মসজিদ মোনাজাত পরিচালনা করবেন। এ বিষয়ে ইসলামিক ফাউন্ডেশন ব্যবস্থা গ্রহণ করবে। | জনপ্রশাসন মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব (প্রশাসন) এর নেতৃত্বে গঠিত প্রস্তুতি কমিটি,<br><br>ঢাকা ওয়াসা ও ইসলামিক ফাউন্ডেশন, নির্বাহী প্রকৌশলীর কার্যালয়, ইডেন ভবন, গণপূর্ত বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। |

| নং | কর্মসূচী | আলোচনা | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|
| ৬. | মাননীয় মন্ত্রী/ উপদেষ্টাবর্গ, প্রতিমন্ত্রীবর্গ, সকল সিনিয়র সচিব/ সচিব এবং সকল মন্ত্রণালয়ের কর্মকর্তা/কর্মচারীসহ মিলাদ মাহফিলে উপস্থিত থাকার জন্য দাওয়াত প্রদান। | বিগত বছরের ন্যায় ধর্ম বিষয়ক মন্ত্রণালয় মাননীয় মন্ত্রী /উপদেষ্টাবর্গ/প্রতিমন্ত্রীবর্গ ও সকল সিনিয়র সচিব/ সচিবকে এবং সকল মন্ত্রণালয়ের কর্মকর্তা/কর্মচারীকে মিলাদ মাহফিলে উপস্থিত থাকার জন্য দাওয়াত প্রদান করবে। | ধর্ম বিষয়ক মন্ত্রণালয়। |
| ৭. | বিভাগ/জেলা/উপজেলা/ সিটি করপোরেশন/ পৌরসভা/ সশস্ত্র বাহিনী বিভাগ/ বেসরকারী সংস্থা সমূহে হযরত মুহাম্মদ (সাঃ) এর জীবন ও কর্মের উপর আলোচনা সভা ও মিলাদ মাহফিল অনুষ্ঠানের কর্মসূচী | বিভাগীয় কমিশনার, জেলা প্রশাসক, উপজেলা নির্বাহী কর্মকর্তাসহ সিটি কর্পোরেশন , পৌরসভা, সশস্ত্র বাহিনী বিভাগ নিজ নিজ অধিক্ষেত্রে পবিত্র ঈদ-ই-মিলাদুন্নবী (সাঃ) উদযাপনের জাতীয় কর্মসূচীর আলোকে অনুরূপ কর্মসূচী গ্রহণ করবেন এবং কর্মসূচীতে সেমিনার, আলোচনা সভা, ওয়াজ মাহফিল অর্ন্তভূক্ত থাকবে। এছাড়া দেশের অন্যান্য মসজিদে অনুরূপ কর্মসূচী পালন করা হবে। | ১. মন্ত্রিপরিষদ বিভাগ।<br>২. জনপ্রশাসন মন্ত্রণালয়।<br>৩. স্থানীয় সরকার বিভাগ।<br>৪. সশস্ত্র বাহিনী বিভাগ।<br>৫. ইসলামিক ফাউন্ডেশন।<br>৬. বিভাগীয় কমিশনার (সকল)।<br>৭. জেলা প্রশাসক (সকল)।<br>৮. বেসরকারী সংস্থার প্রধান। |
| ৮. | শিশুদের জন্য অনুষ্ঠান। | শিশু একাডেমী শিশুদের জন্য প্রতি বছরের ন্যায় এবারও হামদ-নাত, আলোচনা সভা, রচনা- প্রতিযোগিতাসহ বিভিন্ন কর্মসূচী গ্রহণ করবে। এর খরচ বাবদ শিশু একাডেমীর অনুকূলে ধর্ম বিষয়ক মন্ত্রণালয় হতে ৪০,০০০/- (চল্লিশ হাজার) টাকা বরাদ্দ প্রদান করা হবে। | ১. মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়।<br>২. শিশু একাডেমী, ঢাকা। |
| ৯. | বিশ্ববিদ্যালয়সহ সকল শিক্ষা প্রতিষ্ঠান/সাংস্কৃতিক প্রতিষ্ঠান ও সকল ধর্মীয় প্রতিষ্ঠান কর্তৃক পবিত্র ঈদ-ই-মিলাদুন্নবী (সাঃ) উপলক্ষে মিলাদ মাহফিলসহ বিশেষ কর্মসূচী গ্রহণ। | বিশ্ববিদ্যালয়সহ দেশের সকল শিক্ষা প্রতিষ্ঠান, সাংস্কৃতিক প্রতিষ্ঠান, ইসলামিক ফাউন্ডেশন, বাংলা একাডেমী, ওয়াকফ প্রশাসনসহ সকল ধর্মীয় প্রতিষ্ঠান কর্তৃক হযরত মুহাম্মদ (সঃ) এর জীবনী ও কর্মের উপর আলোচনা, বিশেষ করে ইসলামের শান্তি, প্রগতি, সৌহার্দ, সহিষ্ণুতা, বিশ্ব-ভ্রাতৃত্ব, মানবাধিকার, নারীর মর্যাদা ইত্যাদি বিষয়ের উপর আলোচনা সভা ও ওয়াজ মাহফিল অনুষ্ঠানের ব্যবস্থা গ্রহণ করবে। | ১. শিক্ষা মন্ত্রণালয়।<br>২. প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়।<br>৩. সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়।<br>৪. সমাজ কল্যাণ মন্ত্রণালয়।<br>৫. মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়।<br>৬. ইসলামিক ফাউন্ডেশন।<br>৭. বাংলাদেশ ওয়াকফ প্রশাসন।<br>৮. বাংলা একাডেমী। |
| ১০. | বাংলাদেশ টেলিভিশন ও বাংলাদেশ বেতার কর্তৃক যথাযথ গুরুত্বসহকারে দিনব্যাপী বিশেষ অনুষ্ঠান প্রচার ও সংবাদপত্রসমূহে পবিত্র ঈদ-ই-মিলাদুন্নবী (সাঃ) উপলক্ষে বিশেষ সংখ্যা (ক্রোড়পত্র) প্রকাশ। | বাংলাদেশ টেলিভিশন, বাংলাদেশ বেতার, অন্যান্য ইলেকট্রোনিক মিডিয়া ও বিভিন্ন প্রচার মাধ্যম গুরুত্বসহকারে পবিত্র ঈদ-ই মিলাদুন্নবী (সাঃ) উপলক্ষে দিনব্যাপী বিশেষ অনুষ্ঠান প্রচার করার ব্যবস্থা গ্রহণ করবে। সংবাদপত্রসমূহে পবিত্র ঈদ-ই-মিলাদুনবী (সাঃ) উপলক্ষে ক্রোড়পত্র প্রকাশের জন্য অনুরোধ করা হবে। এ বিষয়ে তথ্য মন্ত্রণালয় ও তথ্য অধিদপ্তর সার্বিক সহযোগিতা করবে। উল্লেখ্য যে, পবিত্র ঈদ-ই-মিলাদুন্নবী (সাঃ) উপলক্ষে ঐদিন সন্ধ্যার পর বাংলাদেশ টেলিভিশন একটি বিশেষ অনুষ্ঠানের আয়োজন করবে। | ১. তথ্য মন্ত্রণালয়/ তথ্য অধিদপ্তর<br>২. বাংলাদেশ টেলিভিশন<br>৩. বাংলাদেশ বেতার<br>৪. প্রিন্ট ও ইলেক্ট্রনিক মিডিয়াসহ সকল প্রচার মাধ্যম। |
| ১১. | দেশের সকল হাসপাতাল/কারাগার/ সরকারি শিশু পরিবার/ বৃদ্ধ নিবাস/ মাদকাসক্তি নিরাময় কেন্দ্রে উন্নতমানের খাবার পরিবেশন | দেশের সকল সামরিক ও বেসামরিক হাসপাতাল, কারাগার, শিশু সদন ও বৃদ্ধ নিবাস কেন্দ্রে উন্নতমানের খাদ্য পরিবেশন করার জন্য সংশ্লিষ্ট মন্ত্রণালয়/ বিভাগ/দপ্তর/অফিসসমূহ এবং সশস্ত্র বাহিনী বিভাগ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে। | ১. স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।<br>২. স্বরাষ্ট্র মন্ত্রণালয়।<br>৩. সমাজ কল্যাণ মন্ত্রণালয়।<br>৪. মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়।<br>৫. সশস্ত্র বাহিনী বিভাগ। |

| নং | কর্মসূচী | আলোচনা | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|
| ১২. | বিদেশে অবস্থিত বাংলাদেশ দূতাবাস ও মিশনসমূহে যথাযথভাবে পবিত্র ঈদ-ই-মিলাদুন্নবী (সাঃ) পালন। | বিদেশে অবস্থিত বালাদেশ দূতাবাস ও মিশনসমুহ যথাযথ মর্যাদাসহকারে পবিত্র ঈদ-ই-মিলাদুন্নবী পালনের ব্যবস্থা করবে। | পররাষ্ট্র মন্ত্রণালয়। |
| ১৩. | সিটি করপোরেশন/ পৌরসভা কর্তৃক নগর ও মহানগরের রাস্তা- ঘাট পরিষ্কার পরিচ্ছন্ন রাখা। | দেশের সকল সিটি কর্পোরেশন/পৌরসভা/শহরের রাস্তা-ঘাট পরিষ্কার পরিচ্ছন্ন রাখার ব্যবস্থা করবে। | ১.স্থানীয় সরকার বিভাগ।<br>২.সকল সিটি করপোরেশন।<br>৩.সকল জেলা প্রশাসন।<br>৪.সকল পৌরসভা।<br>৫.তথ্য মন্ত্রণালয়।<br>৬.বাংলাদেশ বেতার।<br>৭.বাংলাদেশ টেলিভিশন। |
| ১৪. | পবিত্র ঈদ-ই-মিলাদুন্নবী (সাঃ) মিলাদের জন্য নির্ধারিত তারিখের পূর্বদিনে সচিবালয় মসজিদ সংলগ্ন সুবিধাজনক স্থানের কোন কক্ষে একটি ডিজিটাল টেলিফোন সংযোগের ব্যবস্থা গ্রহণ। | বিটিসিএল মিলাদ মাহফিলের পূর্বে সচিবালয় মসজিদ সংলগ্ন সুবিধাজনক স্থানে কোন কক্ষে একটি ডিজিটাল টেলিফোন সংযোগের ব্যবস্থা করবে। | ১. জেনারেল ম্যানেজার, বিটিসিএল, রমনা, ঢাকা।<br>২. উপ-বিভাগীয় প্রকৌশলী, ফোন্স। |
| ১৫. | পবিত্র ঈদ-ই-মিলাদুন্নবী (সাঃ) উপলক্ষে সারাদেশে আইন শৃংখলা রক্ষার্থে বিশেষ ব্যবস্থা গ্রহণ। | পবিত্র ঈদ-ই-মিলাদুন্নবী (সাঃ) উপলক্ষে সারাদেশে আইন শৃংখলা রক্ষার্থে বিশেষ ব্যবস্থা গ্রহণ করতে হবে। পবিত্র ঈদ-ই-মিলাদুন্নবী (সাঃ) সুষ্ঠুভাবে সম্পন্ন করতে ও আইন শৃংখলা রক্ষার্থে ঐ দিন, পূর্বের দিন এবং পরের দিন ধর্মীয় অনুষ্ঠান ছাড়া অন্যান্য অনুষ্ঠান (যেমন- যাত্রা, জারিগান, আতশবাজি ইত্যাদি) বন্ধ রাখার ব্যবস্থা গ্রহণ | ১. মন্ত্রিপরিষদ বিভাগ<br>২. স্বরাষ্ট্র মন্ত্রণালয়।<br>৩. বাংলাদেশ পুলিশ। |

৩। সারাদেশে আইন শৃংখলা যথাযথভাবে রক্ষণের জন্য সভাপতি আইন শৃংখলা বাহিনীর প্রতি বিশেষভাবে আহ্বান জানান। তিনি পবিত্র ঈদ-ই-মিলাদুন্নবী যথাযোগ্য মর্যাদা ও ভাবগাম্ভীর্যের সাথে উদযাপনের ব্যবস্থা গ্রহণ করার জন্যও সংশ্লিষ্ট সকলের প্রতি আহ্বান জানান।

৪। সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভাপতি সভার সমাপ্তি ঘোষণা করেন।

(অধ্যক্ষ মতিউর রহমান)
মন্ত্রী
ধর্ম বিষয়ক মন্ত্রণালয়।